

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(সিটি কর্পোরেশন -২ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০৮.০০২.১২.৪৪৪


তারিখঃ ০৭ শ্রাবণ ১৪২২  
২২ জুলাই ২০১৫

বিষয়ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব রশিদ আহমেদ (যুগ্মসচিব, পরিচিতি নং ৪৬৯৯) এর শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী।

সূত্রঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্মারক ০৫.০০.০০০০.২০১৫-৫৭৮, তারিখ ০২ জুলাই ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব রশিদ আহমেদ (যুগ্মসচিব, পরিচিতি নং ৪৬৯৯) এর শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরের আবেদন প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯ এবং অর্থ মন্ত্রণালয়ের অম/অবি(বা-১)/ভাতা/১৬/৯৫-১৭৬, তারিখঃ ১২ জুলাই ১৯৯৯খ্রিঃ মোতাবেক একজন কর্মকর্তা/ কর্মচারী পূর্ববর্তী শ্রান্তি বিনোদন ছুটি প্রাপ্তির আবেদনের তারিখ ০৩(তিন) বছর অতিক্রান্ত হলে তিনি পরবর্তী শ্রান্তি বিনোদন ছুটি ও ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ ভাতা প্রাপ্য হন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব রশিদ আহমেদ (যুগ্মসচিব, পরিচিতি নং ৪৬৯৯) এর পূর্বতন শ্রান্তি বিনোদন ছুটির আবেদনের ০৩(তিন) বছর অতিক্রান্ত হয়েছে। তবে তাঁর ১৫ জুলাই ২০১৫ এর পরবর্তী সময়ে তাঁকে পুনরায় আবেদন করা প্রয়োজন। কেননা, জিও-তে তাঁর আবেদনের তারিখ উল্লেখ করতে হবে, যা পূর্ববর্তী ছুটির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

০২। এমতাবস্থায়, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব রশিদ আহমেদ (যুগ্মসচিব, পরিচিতি নং ৪৬৯৯) এর শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্তির আবেদন সংশোধন করে পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(জসীম উদ্দীন হায়দার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১১৬০৩

প্রধান নির্বাহী কর্মকর্তা  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ০৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।